

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ৩রা চৈত্র, ১৩৯৮ বাংলা। ১৭ই মার্চ, ১৯৯২ ইং

এস, আর, ও, নং ৬১-আইন/৯২/১৪৪৪/শুষ্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র প্রজ্ঞাপনের টেবিলে উলিখিত পণ্য সমূহকে উহাদের উপর আরোপযোগ্য সমুদয় শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক হইতে, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ—

- (১) পণ্যসমূহ সরকার, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, এন,জি,ও, ব্যুরোর অধীনে নিবন্ধনকৃত কোন দেশী/বিদেশী স্বেচ্ছাসেবী সংগঠন বা অনিবন্ধিত দেশী/বিদেশ সংগঠন এর নামে আমদানী হইতে হইবে।
- (২) আমদানীকারক যদি—
 - (ক) সরকার বা বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি হয় সেই ক্ষেত্রে আমদানীর স্বপক্ষে *সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা কর্তৃক;
 - (খ) এন,জি,ও ব্যুরোর অধীনে নিবন্ধনকৃত দেশী/বিদেশী স্বেচ্ছাসেবী সংগঠন হয় সেই ক্ষেত্রে আমদানীর স্বপক্ষে এন,জি,ও ব্যুরোর উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা কর্তৃক;
 - (গ) অনিবন্ধিত দেশী/বিদেশী সংগঠন হয় সেই ক্ষেত্রে আমদানীর স্বপক্ষে ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়ের সচিব কর্তৃক;

সংশ্লিষ্ট কমিশনার বরাবরে এই মর্মে প্রত্যয়ন পত্র জারী করিবেন যে, উক্ত পণ্য দুঃস্থ জনসাধারণ/প্রতিষ্ঠানের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য ত্রাণ সামগ্রী হিসাবে পাওয়া গিয়াছে এবং বিনামূল্যে বিতরণ ব্যতীত উক্ত পণ্য বিক্রয় বা অন্য কোনভাবে ব্যবহার করা হইবে না।

- (৩) আমদানীকারক সংগঠন সংশ্লিষ্ট কালেক্টরের বরাবরে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিবেন যে, বিনামূল্যে বিতরণ ব্যতীত অন্য কোনভাবে উক্ত পণ্য ব্যবহার করা হইলে উহার উপর আরোপযোগ্য সমুদয় শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক আমদানীকারক সংগঠন পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

টেবিল
পণ্যের বর্ণনা

- ১। খাদ্য শস্য, ভোজ্য তৈল, বিস্কুট, টিনজাত খাদ্য, দুগ্ধজাত খাদ্য, গুড়া দুধ, শিশু খাদ্য, * [ও সৌদি আরব থেকে প্রেরিত কোরবানীর গোশত] ও অন্যান্য খাদ্য সামগ্রী।
- ২। বস্ত্র ও বস্ত্রজাত সামগ্রী, কম্বল, তাঁবু ও গৃহস্থালী তৈজসপত্র।
- ৩। ঔষধ, ডাক্তারী যন্ত্রপাতি ও হাসপিটাল যন্ত্রপাতি ও সামগ্রী।
- ৪। বীজ, সার, পশু, কীটনাশক ঔষধ, হাঁস-মুরগী, হস্তচালিত পাম্প, পাইপ ট্রাক্টর, পাওয়ার টিলার এবং এই সকল যন্ত্রের ইঞ্জিন, অন্যান্য কৃষি যন্ত্রপাতি ও সামগ্রী।
- ৫। টিউবওয়েল সামগ্রী।
- ৬। সিআইশীট, জিপি শীট, বিপিশীট, পাস্টিক শীট, পলিথিন শীট, কাঠ, সিমেন্ট, ক্ল্যাম্পস, জুকু ও অন্যান্য গৃহনির্মাণ সামগ্রী।
- ৭। নাইলন টোয়াইন, মাছ ধরার নৌকা, আলকাতরা এবং জেলে ও তাঁতীদের প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী।
- ২। অত্র বিভাগের ৭ই জুন, ১৯৮০ তারিখের প্রজ্ঞাপন নম্বর এস, আর, ও ১৬৬-আইন/৮০/৫৫৪/শুক্ক এতদ্বারা বাতিল করা হইল।
- ৩। এই প্রজ্ঞাপন ১৭ই বৈশাখ, ১৩৯৮ বাংলা/১লা মে, ১৯৯১ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর/-
(নূরুল হোসেন খান)
সচিব।

* এস.আর.ও.-৩১৭-আইন/২০০১/১৯২৬/শুক্ক- তারিখ ২৪ নভেম্বর ২০০১ দ্বারা সংশোধিত।

* এস.আর.ও.-৪০-আইন/২০০৩/১৯৮৮/শুক্ক- তারিখ ৬ ফেব্রুয়ারী ২০০৩ দ্বারা সংশোধিত।